সংবাদ

তারিখ 13 JAN 2016
পৃষ্ঠা ... কলাম ...

# নাগেশ্বরীতে বিনামূল্যের বইয়ের টাকা ফেরত পেল শিক্ষার্থীরা

প্রতিনিধি, নাগেশ্বরী (কুড়িগ্রাম)

নাগেশ্বরীতে সংসদ সদস্যের নির্দেশে বিনামূল্যে বিতরণকৃত সরকারি বইয়ের বিনিময়ে নেয়া টাকা অবশেষে শিক্ষার্থীদের কাছে ফেরত দিলেন প্রধান শিক্ষক। জানা গেছে, ১ জানুয়ারি বই উৎসবে রায়গঞ্জ উচ্চ বিদ্যালয়ে ষষ্ঠ থেকে নবম শ্রেণীর মোট ৩৯৫ জন শিক্ষার্থীর কাছে বিনামূল্যে বিতরণকৃত সরকারি বইয়ের বিনিময়ে রশিদমুলে বাধ্যতামূলক জন প্রতি ১ শত করে টাকা গ্রহণ করা হয়। এলাকাবাসী ও অভিভাবক বিষয়টি স্থানীয় সংসদ সদস্য ও ম্যানেজিং কমিটির সভাপতি এ কে এম মোস্তাফিজুর রহমানকে জানায়। তিনি প্রধান শিক্ষক আবুল কালাম আজাদকে ডেকে ভৎসর্না করে দ্রুত শিক্ষার্থীদের টাকা ফেরতের নির্দেশ দেন। পরে গত দুই দিনে প্রধান শিক্ষক প্রায় ৩০০ জন শিক্ষার্থীকে. পর্যায়ক্রমে তার অফিসে ডেকে রশিদ জমা নিয়ে তাদের টাকা ফেরত দেয়। যারা রশিদ জমা দেয়নি তাদেরকে কোন টাকা ফেরত দেয়া হয়নি। অভিভাবক নিয়ামুল হক প্রধান, রফিকুল ইসলাম, গোলাম মোস্তফা, আবু বকর সিদ্দিক, আবু সামাসহ অনেকই বলেন সরকারের এ যুগান্তকারী পদক্ষেপে গত কয়েক বছর থেকে শিক্ষার্থীরা বছরের শুরুতে বিনামূল্যে বই পেলেও শুধু রায়গঞ্জ উচ্চ বিদ্যালয়ে এর ব্যাতিক্রম। সরকারি নিয়ম উপেক্ষা করে এখানে শিক্ষার্থীদের কাছে জোড়পূর্বক টাকা নেয়া হয়। প্রতিবাদ করলে সেই শিক্ষার্থীকে বই দেয়া হয় না। এবারেও তার ব্যাতিক্রম হয়নি। তাই আমরা বিষয়টি স্থানীয় সংসদ সদস্য ও ম্যানেজিং কমিটির সভাপতি এ.কে.এম মোস্তাফিজুর রহমানকে জানিয়েছি। প্রধান শিক্ষক আবু কালাম আজাদ বইয়ের জন্য টাকা নেয়ার বিষয়টি অস্বীকার করে বলেন ভুল করে সেশন ফির টাকা দুইবার নেয়া হয়েছে। পরে বাড়তি টাকা ফেরত দেয়া হয়। কুড়িগ্রাম-১ আসনের সংসদ সদস্য ও বিদ্যালয় ম্যানেজিং কমিটির সভাপতি এ.কে.এম মোস্তাফিজুর রহমান জানান অভিভাবক ও বিদ্যালয় ম্যানেজিং কমিটির কয়েকজন সদস্য আমাকে বিষয়টি জানালে আমি প্রধান শিক্ষককে বলেছি টাকা নিয়ে থাকলে তা দ্রুত শিক্ষার্থীদের ফেরত দিতে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জহুরুল ইসলাম বলেন আজকেই আমি অভিযোগ পেয়েছি। তদন্ত সাপেক্ষে ব্যবস্থা নেয়া হবে।